

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০।
www.bb.org.bd

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৬-২৫

আশ্বিন ১০, ১৪২৩
তারিখ : -----
সেপ্টেম্বর ২৫, ২০১৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/ প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

পুরাতন মেশিনারিজ আমদানির জন্য এলসি খোলার সময় রপ্তানিকারক
প্রতিষ্ঠান প্রদত্ত মেশিনারিজের "অর্থনৈতিক আয়ুষ্কাল সনদ" দাখিল প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের ০৮/০৮/২০১৬ তারিখের ২৬.০০.০০০০.১১১.৩১.০০৪.১৩-৫৯০
সংখ্যক স্মারকের (সংযুক্তি) প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সেবা প্রদান প্রক্রিয়ার গুণগত পরিবর্তন ও সেবাকে সহজীকরণের লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়ের ইনোভেশন
বিষয়ক কর্মপরিকল্পনা-২০১৬ বাস্তবায়নের লক্ষ্যে গত ১৬/০৭/২০১৬ তারিখে উক্ত মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের
পরিপ্রেক্ষিতে এই মর্মে অবহিত করা যাচ্ছে যে, অধিক পুরাতন মেশিন জনজীবনের জন্য হুমকি ও পরিবেশবান্ধব না হওয়ায়
পুরাতন মেশিন আমদানির জন্য এলসি খোলার ক্ষেত্রে রপ্তানিকারক প্রতিষ্ঠান হতে মেশিনারিজের "অর্থনৈতিক আয়ুষ্কাল
সনদ" অবশ্যই সংগ্রহ করতে হবে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে সার্কুলার পত্রের বিষয়বস্তু সম্পর্কে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০২৫০

সংযুক্তি: বর্ণনামতে।

AD (Dipn)
28/06/2015

AD (Dipn)
28/06/2015

AD (Dipn)
28/06/2015

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
অবা-১ অধিশাখা
www.mincom.gov.bd

গভর্নর মহোদয়ের দপ্তর, বাংলাদেশ ব্যাংক	ডায়েরী নং- ৬৬৪৭	তারিখঃ ২৯/০৬/১৫
ডেপুটি গভর্নর-১	<input type="checkbox"/>	দ্রুত ব্যবস্থা দিন
ডেপুটি গভর্নর-২	<input type="checkbox"/>	দ্রুত আলোচনা করুন
ডেপুটি গভর্নর-৩	<input type="checkbox"/>	জরুরী
ডেপুটি গভর্নর-৪	<input type="checkbox"/>	উপস্থাপন করুন
নির্বাহী পরিচালক-১	<input type="checkbox"/>	প্রয়োজনীয় ব্যবস্থা নিন
জিএম	<input type="checkbox"/>	নথিভুক্ত
স্বাক্ষরঃ	[Signature]	

নং- ২৬.০০.০০০০.১১১.৩১.০০৪.১৩- ৯৯০

তারিখঃ ০৮-০৮-২০১৬ খ্রিঃ

বিষয়ঃ সেবা প্রদান প্রক্রিয়ার গুণগত পরিবর্তন ও সেবাগুলোকে সহজীকরণের লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়ের ইনোভেশন বিষয়ক কর্মপরিকল্পনা-২০১৬ বাস্তবায়নের লক্ষ্যে গত ১৬-০৭-২০১৬ খ্রিঃ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সেবা প্রদান প্রক্রিয়ার গুণগত পরিবর্তন ও সেবাগুলোকে সহজীকরণের লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়ের ইনোভেশন বিষয়ক কর্মপরিকল্পনা-২০১৬ বাস্তবায়নের লক্ষ্যে গত ১৬-০৭-২০১৬ খ্রিঃ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (আইআইটি) এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সংশ্লিষ্ট গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ

(ক) অধিক পুরাতন মেশিন জনজীবনের জন্য হুমকি এবং পরিবেশ বান্ধব না হওয়ার বিষয়টি বিবেচনায় এনে পুরাতন মেশিনারীজ আমদানির জন্য এলসি খোলার ক্ষেত্রে রপ্তানিকারক প্রতিষ্ঠানের নিকট হতে অর্থনৈতিক আয়ুষ্কাল সনদ দাখিল ব্যতীত এলসি না খোলার বিষয়ে সকল ব্যাংককে প্রয়োজনীয় নির্দেশনা জারীর জন্য গভর্নর, বাংলাদেশ ব্যাংককে পত্র দিতে হবে।

- ২। উক্ত গৃহীত (ক) সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ৩। এ সাথে কার্যবিবরণীর কপি সংযুক্ত করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

বৈদেশিক মদ্রা নীতি বিভাগ
(জি.এ. শাখা)
বাংলাদেশ
গণদান ক
ডায়েরী নং ৬৬৪০
তারিখ ২৯/০৬/১৫

[Signature]
২৯/০৬/১৫
(মোঃ শাহাদাত হোসাইন)
উপ সচিব
☎ : ৯৫৪০২০৯

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
মতিঝিল বা/এ, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। অতিরিক্ত সচিব (আইআইটি) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।